দৈনিক ইত্তেফাক

তারিখ 07 SEP 1988 ... ...
পৃষ্ঠা... .. ...3 কলাম 4 ... ...

C 2

## শিক্ষা বোর্ডের স্বীকৃতি সত্ত্বেও —

ভোলা, ৫ই আগষ্ট (নিজস্ব সংবাদদাতা)—স্বীকৃতি পাওয়া সত্ত্বেও ভোলা সদর উপ-জেলার পরাণগঞ্জের নাজিউর রহমান কলেজের শিক্ষক কর্মচারিগণ সরকারী কল্যাণ ভাতার টাকা পান নাই।

(৪র্থ পৃ: দ্র: )

## শিক্ষা বোর্ডের স্বীকৃতি পাওয়া সত্ত্বেও

( ৩য় পৃ: পর )

ভোলা সদর উপ-জেলার পরাণগঞ্জে ১৯৮৬ সালের ৩০শে ডিসেম্বর জনাব নাজিউর রহমানের ব্যক্তিগত অর্থানুকুল্যে কলেজটি প্রতিষ্ঠিত হয়। পরে যশোর শিক্ষা-বোর্ড এক পত্রের মাধ্যমে ১৯৮৭ সালের ১লা জুলাই হইতে ১৯৮৮ সালের ৩০শে জুন পর্যন্ত সময়ের জন্য কলেজটিকে স্বীকৃতি প্রদান করে। এক বৎসরের জন্য স্বীকৃতি পাওয়ার পর কলেজ কর্তৃপক্ষ প্রয়োজনীয় সকল কাগজ কর্তৃপক্ষের নিকট পাঠান। কিন্তু অদ্যাবধি কলেজটির শিক্ষক-কর্মচারীদের নামে বেসরকারী কলেজে সরকার কর্তৃক দেয় বেতনের শতকরা ৭০ ভাগ টাকা আসে নাই। কলেজের শিক্ষক-কর্মচারিগণ আদৌ এই টাকা পাইবেন কিনা, তাহাও জানান হয় নাই।